# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৮৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৪. সশব্দে বিসমিল্লাহ না বলা প্রসঙ্গে

باب مَنْ لَمْ يَرَ الْجَهْرَ بِـ { بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ }

আরবী

حَدَّثَنَا قَطَنُ بْنُ نُسَيْرٍ، حَدَّثَنَا جَعْفَرٌ، حَدَّثَنَا حُمَيْدٌ الأَعْرَجُ الْمَكِّيُّ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، وَذَكَرَ الإِفْكَ، قَالَتْ جَلَسَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَكَشَفَ عَنْ وَجْهِهِ وَقَالَ " أَعُوذُ بِالسَّمِيعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ( إِنَّ الَّذِينَ جَاءُوا بِالإِفْكِ عُصْبَةٌ مِنْكُمْ ) " . الآيَةَ .

ـ ضعيف

قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا حَدِيثٌ مُنْكَرٌ قَدْ رَوَى هَذَا الْحَدِيثَ جَمَاعَةٌ عَنِ الزُّهْرِيِّ لَمْ يَذْكُرُوا هَذَا الْكَلاَمَ عَلَى هَذَا الشَّرْحِ وَأَخَافُ أَنْ يَكُونَ أَمْرُ الاِسْتِعَاذَةِ مِنْ كَلاَمِ حُمَيْدٍ

বাংলা

৭৮৫। ’উরওয়াহ হতে ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি ইফকের ঘটনা উল্লেখ পূর্বক বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসা ছিলেন। (অতঃপর ওয়াহী হওয়া শেষে) তিনি মুখ খুলে বললেন, ’আউযু বিস্ সামি’ইল ’আলীম মিনাশ শাইত্বনির রজীম, ’’ইন্নাল্লাযীনা জা’উ বিল-ইফকি ’উসবাতুম মিনকুম....’’ আয়াতের শেষ পর্যন্ত। অর্থঃ ’’যারা মিথ্যা অপপ্রচার করেছে তারা তোমাদের মধ্যেরই লোক .....।’’ [1]

দুর্বল।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেন, এই হাদীসটি মুনকার। কারণ একদল এ হাদীসটি ইমাম যুহরী (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। তাদের বর্ণনায় উক্ত আয়াতের সাথে আ’উযু বিল্লাহ্-এর উল্লেখ নেই। আমার আশঙ্কা হচ্ছে আ’উযু বিল্লাহ বাক্যটি বর্ণনাকারী হুমায়িদের উক্তি।

## English

‘Urwah reported on the authority of ‘A’ishah mentioning the incident of slander. She said:
The Messenger of Allah (ﷺ) sat and unveiled his face and said: “I take refuge in Allah, All-Hearing, All-Knowing from the accursed devil. Lo! They who spread the slander are a gang among you.”

Abu Dawud said: This is a rejected (munkar) tradition. A group of narrators have reported this tradition from al-Zuhri; but did not mention this detail. I am afraid the phrase concerning “seeking refuge in Allah” is the statement of Humaid.

### ফুটনোট

[1] ‘আওনুল মা‘বূদে রয়েছেঃ সনদের ক্বাত্বান ইবনু নুসাইর থেকে যদিও মুসলিম বর্ণনা করেছেন তথাপি আবূ যুর‘আহ তাকে দোষী করেছেন এবং বলেছেন, তিনি জা‘ফার ইবনু সুলায়মান থেকে সাবিত থেকে আনাস সূত্রে মুনকার হাদীসাবলী বর্ণনা করেন। আর জা‘ফার ইবনু সুলায়মান সম্পর্কেও সমালোচনা রয়েছে। শায়খ আলবানী (রহঃ) ইরওয়াউল গালীল (৩৪২) গ্রন্থে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🞎 বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58103

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন